

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১২৯৮

২/ সালাত (الصلاة)

পরিচ্ছেদঃ ৩০৩. সালাতুত তাসবীহ প্রসঙ্গে

باب صَلَاةِ التَّسْبِيحِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُفْيَانَ الْأُبَلِيُّ، حَدَّثَنَا حَبَّانُ بْنُ هِلَالٍ أَبُو حَبِيبٍ، حَدَّثَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونٍ، حَدَّثَنَا عَمْرُو بْنُ مَالِكٍ، عَنْ أَبِي الْجَوْزَاءِ، قَالَ حَدَّثَنِي رَجُلٌ، كَانَتْ لَهُ صُحْبَةٌ يُرَوْنَ أَنَّهُ عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو قَالَ : قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " ائْتِنِي غَدًا أَحْبُوكَ وَأُثِيبُكَ وَأُعْطِيكَ " . حَتَّى ظَنَنْتُ أَنَّهُ يُعْطِينِي عَطِيَّةً قَالَ " إِذَا زَالَ النَّهَارُ فَقُمْ فَصَلِّ أَرْبَعَ رَكَعَاتٍ " . فَذَكَرَ نَحْوَهُ قَالَ " تَرْفَعُ رَأْسَكَ - يَعْنِي مِنَ السَّجْدَةِ الثَّانِيَةِ - فَاسْتَوِ جَالِسًا وَلَا تَقُمْ حَتَّى تُسَبِّحَ عَشْرًا وَتَحْمَدَ عَشْرًا وَتُكَبِّرَ عَشْرًا وَتُهَلِّلَ عَشْرًا ثُمَّ تَصْنَعُ ذَلِكَ فِي الْأَرْبَعِ رَكَعَاتٍ " . قَالَ " فَإِنَّكَ لَوْ كُنْتَ أَعْظَمَ أَهْلِ الْأَرْضِ ذَنْبًا غُفِرَ لَكَ بِذَلِكَ " . قُلْتُ : فَإِنْ لَمْ أَسْتَطِعْ أَنْ أُصَلِّيَهَا تِلْكَ السَّاعَةَ قَالَ " صَلِّهَا مِنَ اللَّيْلِ وَالنَّهَارِ " .

– حسن صحيح

قَالَ أَبُو دَاوُدَ : حَبَّانُ بْنُ هِلَالٍ خَالَ هِلَالِ الرَّائِيَّ . قَالَ أَبُو دَاوُدَ : رَوَاهُ الْمُسْتَمِرُّ بْنُ الرِّيَّانِ عَنْ أَبِي الْجَوْزَاءِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو مَوْقُوفًا وَرَوَاهُ رَوْحُ بْنُ الْمُسَيَّبِ وَجَعْفَرُ بْنُ سُلَيْمَانَ عَنْ عَمْرٍو بْنِ مَالِكٍ النُّكْرِيِّ عَنْ أَبِي الْجَوْزَاءِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَوْلُهُ وَقَالَ فِي حَدِيثِ رَوْحٍ فَقَالَ : حَدِيثُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

১২৯৮। আবুল জাওয়া’ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এক

সাহাবী বর্ণনা করেছেন। তাদের ধারণা, তিনি হচ্ছেন 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ)। তিনি বলেছেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, তুমি আগামীকাল ভোরে আমার কাছে আসবে, আমি তোমাকে কিছু দান করবো, আমি তোমাকে দিবো, আমি তোমাকে উপটৌকন প্রদান করবো। আমি ধারণা করলাম, তিনি আমাকে কোন জিনিস দিবেন। (অতঃপর পরদিন তাঁর নিকটে আসলে) তিনি বললেনঃ "দুপুরে সূর্য হেলে পড়লে তুমি দাঁড়িয়ে চার রাক'আত সালাত আদায় করবে"। অতঃপর পূর্বের হাদীসের অনুরূপ বর্ণিত।

তিনি বললেনঃ অতঃপর দ্বিতীয় সিজদা হতে মাথা উঠিয়ে সোজা হয়ে বসবে এবং দাঁড়ানোর পূর্বে দশবার সুবহানাল্লাহ, দশবার আলহামদুলিল্লাহ, দশবার আল্লাহু আকবার এবং দশবার লা ইলাহা ইল্লাল্লাহ বলবে। এভাবে তুমি চার রাক'আত আদায় করবে। তিনি বললেনঃ তুমি দুনিয়াবাসীদের মধ্যে সবচেয়ে বড় গুনাহগার হয়ে থাকলেও এ বিনিময়ে তোমাকে ক্ষমা করা হবে। বর্ণনাকারী বলেন, আমি বললাম, আমি ঐ সময়ে এ সালাত আদায় করতে না পারলে? তিনি বললেনঃ রাত ও দিনের যে কোন সময়ে সুযোগ পেলেই তা আদায় করে নিবে।[1]

হাসান সহীহ।

ইমাম আবু দাউদ (রহঃ) এ হাদীস 'আবদুল্লাহ ইবনু 'আমরের (রাঃ) মাওকুফ হিসেবে বর্ণিত হয়েছে। অন্য সানাদে এটি ইবনু 'আব্বাস (রাঃ) এর নিজস্ব বক্তব্য হিসেবে বর্ণিত হয়েছে।

English

Narrated Abdullah ibn Amr:

AbulJawza' said: A man who attended the company of the Prophet (ﷺ) narrated to me (it is thought that he was Abdullah ibn Amr): The Prophet (ﷺ) said to me: Come to me tomorrow; I shall give you something, I shall give you something, I shall reward you something, I shall donate something to you. I thought that he would give me some present.

He said (to me when I came to him): When the day declines, stand up and pray four rak'ahs. He then narrated something similar.

This version adds: Do not stand until you glorify Allah ten times, and praise Him ten times, and exalt Him ten times, and say, "There is no god but Allah" ten times. Then you should do that in four rak'ahs. If you are the greatest sinner on earth, you will be forgiven (by Allah) on account of this (prayer).

I asked: If I cannot pray this the appointed hour, (what should I do)? He replied: Pray that by night or by day (at any time).

Abu Dawud said: Habban b. Hilal is the maternal uncle of Hilal al-Ra'i.

Abu Dawud said: This tradition has been narrated by al-Mustamir b. al-Riyyan from Ibn al-Jawza' from 'Abd Allah b. 'Amr without referring to the Prophet (ﷺ), - narrated as a statement of 'Abd Allah b. 'Amr himself (mauquf). This has also been narrated by Rawh b. al-Musayyab, and Ja'far b. Sulaiman from 'Amr b. Malik al-Nakri from Abu al-Jauza' from Ibn 'Abbas as his own statement (and not the statement of the Prophet). But the version of Rawh has the words: "The tradition of the Prophet (ﷺ)."

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : সালাত, হাঃ ৪৮১, ইমাম তিরমিযী বলেন, আনাসের হাদীসটি হাসান গরীব)। উল্লেখ্য, সালাতুত তাসবীহ এর হাদীসগুলোকে হাদীসবিশারদ ইমামগণের একদল দুর্বল বলেছেন এবং আরেক দল বলেছেন হাসান বা সহীহ।

-

সালাতুত তাসবীহ জামা'আত করে আদায় করা বিদ'আতঃ তাসবীহের সালাত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, সাহাবায়ি কিরাম এবং তাবেরী ইমামগণ থেকে জামা'আতের সাথে আদায় করার কোন প্রমাণ নেই। না মসজিদে, না ঘরে, না রমায়ান মাসে, না অন্য মাসে। তাই এর জামা'আত করা এবং জামা'আতের ব্যবস্থা করা বিদ'আত থেকে মুক্ত নয়। কাজেই সালাতুত তাসবীহ জামা'আত করে আদায় করা থেকে বিরত থাকা উচিত। (আইনী তুহফা সালাতে মুস্তফা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58616>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন